

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ২৫

তারিখঃ ০৯ বৈশাখ ১৪২৮  
২২ এপ্রিল ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**সীমিত আকারে ব্যাংকিং সেবা কার্যক্রম চলাকালে  
ব্যাংক কর্মকর্তা ও কর্মচারীগণের যাতায়াত ব্যবস্থা প্রসঙ্গে।**

করোনাভাইরাস (COVID-19) সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে সীমিত আকারে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে ১৩ এপ্রিল ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৫ এবং ২০ এপ্রিল ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে করোনাভাইরাস (COVID-19) সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে বিশেষ প্রয়োজনে ব্যাংকিং কার্যক্রম চালু রাখার সময়সীমা প্রাথমিকভাবে ১৪ এপ্রিল থেকে ২১ এপ্রিল ২০২১ নির্ধারণ এবং তদ্পরবর্তীতে ২১ এপ্রিল থেকে ২৮ এপ্রিল ২০২১ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

০৩। ১৩ এপ্রিল ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৫ এর ২ নং অনুচ্ছেদে ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীদের স্ব স্ব অফিসে আনা-নেয়ার জন্য সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা দেয়া হয়। তবে লক্ষ্য করা যাচ্ছে যে, সরকার ঘোষিত বিধি-নিষেধ চলাকালে ব্যাংক সকল ক্ষেত্রে কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রয়োজনীয় যানবাহনের ব্যবস্থা করতে ব্যর্থ হওয়ায় এবং সীমিত আকারে ব্যাংকিং সেবা কার্যক্রম চালু রাখার জন্য ব্যাংকে আসা-যাওয়ার জন্য গণপরিবহনের অপ্রতুলতার কারণে ব্যাংক কর্মকর্তা/ কর্মচারীগণ অধিক ব্যয় ও ভোগান্তির সম্মুখীন হচ্ছেন।

০৪। এক্ষণে, এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীদের যাতায়াত সমস্যা নিরসনকল্পে ব্যাংক তার কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ব্যাংকের ব্যবস্থাপনায় নিজস্ব পরিবহন সুবিধা নিশ্চিত করবে। কোন কারণে যাতায়াত সুবিধা নিশ্চিত করতে অসমর্থ/ব্যর্থ হলে ব্যাংকে আসা-যাওয়ার জন্য কর্মকর্তা ও কর্মচারীদেরকে সরকারী বিধি-নিষেধ চলাকালে যাতায়াত ভাড়া প্রকৃত ব্যয় অধিক বিধায় বিষয়টি বিবেচনায় নিয়ে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক যৌক্তিক হারে যাতায়াত ভাতা প্রদান/ পুনর্ভরণের ব্যবস্থা করবে। এতদসংক্রান্ত ব্যয়ের বিষয়ে পরবর্তীতে স্ব স্ব ব্যাংকের পরিচালক পর্যদের কার্যোত্তর অনুমোদন গ্রহণ করবে।

০৫। এ সার্কুলার লেটারের নির্দেশনা ১৪ এপ্রিল ২০২১ তারিখ হতে সরকার ঘোষিত বিধি-নিষেধ চলাকালে প্রযোজ্য থাকবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২